৪২

দৈনিক
# ইনকিলাব

তারিখ ... AUG 24 2006 ...
পৃষ্ঠা ৪২ কলাম ৪ ...

১৬ সেপ্টেম্বর ঢাকায় মহাসমাবেশ ও অবস্থান

## ভিক্ষাতুল্য ১০০ টাকা বাড়ী ভাড়া ট্রেজারীতে ফেরত দেয়া হবে
### –শিক্ষক কর্মচারী ফ্রন্ট

স্টাফ রিপোর্টার

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট আয়োজিত সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীরা ভিক্ষাতুল্য ১০০ টাকা বাড়ীভাড়া গ্রহণ করবে না। আগামী ১৪ সেপ্টেম্বরের মধ্যে সম্মানজনক বাড়ীভাড়া প্রদান করা না হলে তারা ১০০ টাকা বাড়ীভাড়া না দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে চিঠি দিবে। এরপরও সরকারের পক্ষ থেকে ১০০ টাকা বাড়ীভাড়া প্রদান করলে শিক্ষক নেতৃবৃন্দ

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন



*ইনকিলাব ঃ জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের উদ্যোগে ফার্মগেটস্থ কার্যালয়ে আয়ো[জিত] সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ফ্রন্টের প্রধান সমন্বয়কারী কাজী ফারুক আহমেদ*

## ভিক্ষাতুল্য ১০০ টাকা বাড়ী ভাড়

*১২-এর পৃষ্ঠার পর*

পর্যায়ক্রমে সকল শিক্ষক-কর্মচারী চালানের মাধ্যমে সরকারের কোষাগারে ফেরত দেবে।

গতকাল দুপুরে ফার্মগেটস্থ কার্যালয়ে ফ্রন্টের উদ্যোগে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন এবং আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেন প্রধান সমন্বয়কারী প্রিন্সিপাল কাজী ফারুক আহমদ।

ফ্রন্টের নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন– মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ মোঃ শাহজাহান, অধ্যাপক আসাদুল হক, অধ্যক্ষ এম এ সাত্তার আব্দুল মান্নান, এম আরজু, জুলফীকার আলী ভুট্টো, কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন– খান মোশাররেফ হোসেন, বরিশালের বিভাগীয় প্রতিনিধি মোঃ মোসলেম উদ্দীন তালুকদার, মোঃ রাশিদুল হাসান মিরাজ, প্রিন্সিপাল মোহাম্মদ আলী, প্রিন্সিপাল সাইদুর রহমান ও শরীফুল ইসলাম প্রমুখ।

সংবাদ সম্মেলনে বলা হয়, বর্তমান জোট সরকার ক্ষমতা গ্রহণের পর ২০০২ সালে ২৪ জানুয়ারী ৫ শিক্ষককে অবসর সুবিধার আওতায় টাকা দেয়া হয়। কিন্তু পরে ২০০২ সালের ডিসেম্বর থেকে কার্যকর করে অবসর সুবিধা প্রদানের প্রবিধান জারী হয়। এর ফলে 'অবসর সুবিধা' প্রত্যাশী হাজার হাজার শিক্ষক-কর্মচারী যারা ঐ নির্ধারিত সময়ের আওতায় পড়েননি, তাদের মধ্যে হাহাকার শুরু হয়েছে। আমাদের সুস্পষ্ট দাবী, কল্যাণ ট্রাস্টের অনুরূপ, ১৯৯০ সাল থেকে যে সকল শিক্ষক -কর্মচারী অবসরে গিয়েছেন তাদের সকলকেই অবসর সুবিধার আওতায় আনতে হবে।

মহাসমাবেশ ও মহাঅবস্থানকে সফল করার লক্ষ্যে বিশেষ কর্মসূচী ঃ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে টিম করে গণসংযোগ। ২৭ থেকে ৩১ আগস্ট। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী অফিস, বাস, ট্রেন, লঞ্চ, সকল যানবাহনে ১০০ টাকার বাড়ীভাড়ার মত অমর্যাদাকর বিষয় এবং পূর্ণাঙ্গ উৎসব ভাতার মতো মানবিক দাবীর প্রতি দৃষ্টি আকর্ষণ করে স্টিকার লাগানো। ৩০ আগস্ট থেকে শুরু। মূল দাবী বিশেষ করে ১০০ টাকার বাড়ীভাড়ার মত অমর্যাদাকর বিষয়ক এবং পূর্ণাঙ্গ উৎসব ভাতার মতো মানবিক দাবীর প্রতি দৃষ্টি আকর্ষণ করে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-শিক্ষক অভিভাবক যৌথ সভা অনুষ্ঠান। ২ থেকে ৫ সেপ্টেম্বর। মূল দাবী বিশেষ করে ১০০ টাকার বাড়ীভাড়ার মত অমর্যাদাকর বিষয় এবং পূর্ণাঙ্গ উৎসব ভাতার মতো মানবিক দাবীর প্রতি দৃষ্টি আকর্ষণ করে প্রতি জেলা সদরে আইনজীবি সমিতি, সাংবাদিক ইউনিয়ন, পেশাজীবি সংগঠনের সাথে মত বিনিময় ও সমর্থন কামনা। ৬ সেপ্টেম্বর। মহাসমাবেশ-মহাঅবস্থানে যোগদান প্রসঙ্গে বাস ও লঞ্চ মালিক ও শ্রমিক [illegible] ৭ সেপ্টেম্বর।

ফ্রন্টের সদস্য সংগঠন শিক্ষা প্রতিষ্ঠান ক[র্ম]... ফেডারেশনের উদ্যোগে মুক্তাঙ্গন থেকে ... মিছির ২৫ আগস্ট, শুক্রবার সকাল ১১... ফ্রন্টের ঢাকা বিভাগীয় সমাবেশ-উনিশের চ... গাজীপুর। ২৬ আগস্ট সকাল ১১টায়। চ... বিভাগীয় সমাবেশ-কক্সবাজারে-১০ সে... সকাল ১১টায়। বরিশাল বিভাগীয় সমাবেশ... সেপ্টেম্বর সকাল ১১টায়। ১৪ সেপ্টেম্বরের ... ১০০ টাকার অমর্যাদাকর বাড়ীভাড়ার পরি... সম্মানজনক বাড়ীভাড়া প্রদানের ঘোষণা না ... ১০০ টাকা প্রত্যাহারের অনুরোধ জানিয়ে ম... মহাপরিচালক বরাবর পত্র প্রদান। (কে... প্রতি জেলা থেকে)। রাজশাহী বি... সমাবেশ-বগুড়া। ১৬ সেপ্টেম্বর সকাল ১১... ঢাকায় শিক্ষক-কর্মচারী মহাসমাবেশ ও দা... মানা পর্যন্ত মহাঅবস্থান-২০ সেপ্টেম্বর। শি... কর্মচারী নির্যাতন বিরোধী আন্তর্জা... কনভেনশন। নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে। মহাসমাবেশ-মহাঅবস্থান থেকে মহানগরসহ সারাদেশ ব্যাপী আন্দোলনের কঠোর কর্মসূচী ঘোষণা।